

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৫৪৩

পর্ব-২৮: সৃষ্টির সূচনা ও কিয়ামতের বিভিন্ন অবস্থা (كتاب أَحْوَال الْقِيَامَة وبدء الْخلق)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ - হাশর

الفصل الاول (باب الْحَشْر)

আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «لَيَأْتِي الرَّجُلُ الْعَظِيمُ السَّمِينُ يَوْمَ الْقِيَامَةِ لَا يَزِنُ عندَ الله جَناحَ بعوضة». وَقَالَ: اقرؤوا (فَلَا نُقيمُ لَهُم يومَ القيامةِ وَزْناً) مُتَّفق عَلَيْهِ

متفق عليم ، رواه البخارى (4729) و مسلم (18 / 2785)، (7045) ـ مُتَّفَقٌ عَلَيْهِ)

বাংলা

৫৫৪৩-[১২] আবৃ হ্রায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ (সা.) বলেছেন: কিয়ামতের দিন খুব মোটাতাজা একজন বড় লোক আসবে। কিন্তু আল্লাহর কাছে তার মর্যাদা একটি মশার পাখার সমানও হবে না। অতঃপর তিনি এর প্রমাণস্বরূপ বললেন, তোমরা এই আয়াতটি পাঠ কর- (قَوْتَانًا لُهُمْ الْاَقِيْمَةِ) "আমি কিয়ামতের দিন কাফিরদের (নেক 'আমলের) জন্য কোন ওয়নই স্থাপন করব না"- (সূরা আল কাহফ ১৮: ১০৫)। (বুখারী ও মুসলিম)

ফটনোট

সহীহ: বুখারী ৪৭২৯, মুসলিম ১৮-(২৭৮৫), সহীহুল জামি ২৪০৭, সহীহ আত তারগীব ওয়াত তারহীব ৩২০১, সিলসিলাতুস সহীহাহ ৩৫৮১, মুসান্নাফ ইবনু আবী শায়বাহ ৩৭১৯৬।

ব্যাখ্যা



व्याখ्या: (السَّمِينُ) অর্থাৎ মান-মর্যাদা, প্রভাব, মাংস-চর্বি নিয়ে উপস্থিত হবে। তখন (السَّمِينُ) শব্দটি (عَمُّفُ بَيَانٍ) আল্লাহর নিকটে একটি মাছি পাখা الله جَناحَ بعوضة) হবে ا(عَمُّفُ بَيَانٍ) সমান হবে না। (عندَ الله جَناحَ بعوضة) আল্লাহর নিকটে একটি মাছি পাখা পরিমাণও ওযন হবে না, এর অর্থ তার কোন মূল্য নেই। যেমন 'আরবদের কথা, (مَا لِفُلُانٍ عِنْدَنَا) অমুকের আমাদের কাছে কোন দাম নেই। হাদীসে এসেছে, যদি দুনিয়মূল্য আল্লাহর নিকটে মাছির ডানার সমান হত তাহলে আল্লাহ কাফিরকে সামান্য পরিমাণ পানিও পান করাতেন না। (মিরক্লাতুল মাফাতীহ)।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবৃ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন